দৈনিক ইত্তেফাক
৭২
তারিখ 25 AUG 1984
পৃষ্ঠা ১ কলাম ৪

# সরকারী অফিসে কম্প্যুটার চালু করার সুপারিশ পেশের নির্দেশ

গতকাল (বৃহস্পতিবার) প্রেসিডেন্টের সচিবালয়ে অনুষ্ঠিত এক উপস্থাপনায় প্রেসিডেন্ট এরশাদকে কম্প্যুটারের বিভিন্ন ব্যবহার সম্পর্কে অবহিত করা হয়। বাসস

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সরকারী অফিসে কম্প্যুটার

(১ম পৃষ্ঠার পর)

জানায়, কম্প্যুটার বিশেষজ্ঞ আজমত হায়াত আনিস প্রেসিডেন্টকে বিভিন্ন ধরনের সফট ওয়্যার সম্পর্কে ধারণা দেন যাহা সরকারী ও বাণিজ্যিক কাজে ফলপ্রদ হইতে পারে। উপস্থাপনায় রিজার্ভেশন ডাক ব্যবস্থা ও ডাটা ব্যাঙ্কের ক্ষেত্রে কম্প্যুটারের ব্যবহার দেখানো হয়। প্রেসিডেন্ট বিভিন্ন ধরনের কম্প্যুটার ব্যবস্থা সম্পর্কে গভীর আগ্রহ দেখান এবং বিমানের কম্প্যুটার ব্যবস্থা সম্পর্কে প্রশ্ন করেন। তিনি জাতীয় কম্প্যুটার বোর্ডকে বিমানের কম্প্যুটার ব্যবস্থা সুষ্ঠু ব্যবহারের ক্ষেত্রে সমস্যাবলী চিহ্নিত করার পদক্ষেপ গ্রহণ এবং সরকারী অফিসগুলিতে উপযুক্ত কম্প্যুটার ব্যবস্থা চালুর সুপারিশ করার নির্দেশ দেন।

কৃষিমন্ত্রী এম, এ, মুনএম, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ, এইচ, সাদিক এবং সর্বাধিনায়কের প্রিন্সিপাল ষ্টাফ অফিসার মেজর জেনারেল মোহাম্মদ আবদুল লতিফ সে সময় উপস্থিত ছিলেন।